

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

জনসংযোগ অধিশাখা

নং-১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯-৮২

তারিখ: ০১ মার্চ, ২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

আগামীকাল ২মার্চ ২০২০ সারাদেশে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে জাতীয় ভোটার দিবস উদযাপন করা হবে। ইতোমধ্যেই দিবসটি উদযাপনের যাবতীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

জাতীয় ভোটার দিবস ২০২০ উদযাপনের জন্য কেন্দ্রীয়ভাবে ঢাকাতে র্যালি, আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এছাড়াও ভোটার দিবসের গুরুত্ব, তাৎপর্য ও প্রাসঙ্গিকতা বিষয়ে একটি বিশেষ টকশো রেকর্ড/প্রস্তুত করা হয়েছে যা ২মার্চ ২০২০ সন্ধ্যা ৭.৩৫ মিনিটে বাংলাদেশ টেলিভিশনে প্রচার করা হবে।

ঢাকাসহ আঞ্চলিক, জেলা ও উপজেলা/থানা পর্যায়ে নানাবিধ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এর মধ্যে রয়েছে র্যালি, আলোচনাসভা, প্রিন্ট মিডিয়ায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশ, গুরুত্বপূর্ণ ও দর্শনীয় স্থানে ব্যানার বুলানো ও পোস্টার সাঁটানো ইত্যাদি।

জাতীয় ভোটার দিবসকে সাফল্যমন্ডিত করে তোলার জন্য ২ মার্চ ২০২০ সকাল ৮.০০ টায় ঢাকার মানিক মিয়া এভিনিউ হতে এক বর্ণাঢ্য র্যালি বের করা হবে। র্যালিটি বঙ্গবন্ধু আর্ন্তজাতিক সম্মেলন কেন্দ্রে গিয়ে শেষ হবে।

বিকেল ৩.০০ টায় জাতীয় ভোটার দিবস নিয়ে বঙ্গবন্ধু আর্ন্তজাতিক সম্মেলন কেন্দ্রে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এম.পি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় প্রধান নির্বাচন কমিশনার ও মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ।

জাতীয় ভোটার দিবস ২০২০ উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার ও মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সিনিয়র সচিব বাণী দিয়েছেন।

বাণীতে মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ দেশের ভোটারদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। বাণীতে মহামান্য রাষ্ট্রপতি বলেন, গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় একজন ভোটার তার ভোটাধিকার প্রয়োগ করে সাংবিধানিক দায়িত্ব পালন করেন এবং নির্বাচিত প্রতিনিধির মাধ্যমে রাষ্ট্র পরিচালনায় অংশগ্রহণ করেন। এবারের জাতীয় ভোটার দিবসের প্রতিপাদ্য ‘ভোটার হয়ে ভোট দেব, দেশ গড়ায় অংশ নেব’ যথার্থ ও সময়োপযোগী হয়েছে বলেও মনে করেন তিনি।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব মোঃ আনিসুল হক, এম.পি তাঁর বাণীতে বলেন, জাতীয় ভোটার দিবসের এ আয়োজন ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি ও ভোটাধিকার প্রয়োগের বিষয়ে জনগণের মধ্যে ব্যাপক সচেতনতা বিশেষ করে তরুণ ভোটারদের মধ্যে যথেষ্ট আবেদন সৃষ্টি করবে।

মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হদা তাঁর বাণীতে বলেন, বাংলাদেশের গণতন্ত্রকে সুসংহত ও সমুন্নত রাখা এবং ভোট প্রদানে ভোটার সাধারণকে উৎসাহিত করণের মাধ্যমে নির্বাচনি প্রক্রিয়ায় অংশগ্রহণ নিশ্চিত করাই এবারের জাতীয় ভোটার দিবসের উদ্দেশ্য।



(মোহাঃ ইসরাইল হোসেন)

পরিচালক (জনসংযোগ)